

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ, ঋণ শাখা
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brd.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৫০২.০৫.২২৪.২০. ১৪৬১

তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের আওতায় সাধারণতঃ একটি সমিতি/দলের সকল সদস্যকে উপজেলা দপ্তরে নিয়ে এসে একই দিনে ঋণের অর্থ নগদে প্রদান করা হয়। এজন্য ব্যাংক থেকে ঋণের টাকা উত্তোলনের নিমিত্ত চেক প্রস্তুত, প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও সদস্যদের যাবতীয় স্বাক্ষর গ্রহণ এবং চূড়ান্তভাবে ঋণের অর্থ সদস্যদের মাঝে বিতরণ বৈশ সময় সাপেক্ষ প্রক্রিয়া। এতে ঋণ গ্রহণ করতে আসা সদস্যদের অনেকক্ষেত্রে সকাল হতে সন্ধ্যা পর্যন্ত অফিসে অবস্থান করতে হয়, যা তাদের জন্য ব্যয়বহুল, কষ্টসাধ্য ও অস্বস্তিকর হয়ে থাকে। এছাড়া একজন পরিদর্শক/মাঠকর্মী একই দিনে একাধিক সমিতি/দলে ঋণ বিতরণ করলে তার জন্য কাজটি বেশ কষ্টসাধ্য ও কঠিন হয়ে পড়ে।

০২। অনেক সময় সদস্যদের নিকট হতে কিস্তি আদায় করতে গেলে তারা ঋণের অর্থ নিজে গ্রহণ করেননি, কিংবা একাধিক সদস্যের নামে বিতরণকৃত ঋণ সমিতির কোন একজন নির্দিষ্ট সদস্য বা ম্যানেজারের নিকট রয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়।

০৩। এমতাবস্থায়, বিআরডিবি'র সুফলভোগীদের মধ্যে বর্তমানে যাদের নিজস্ব ব্যাংক হিসাব আছে, তাদেরকে আরটিজিএস/বিএফটিএন-এর মাধ্যমে এবং যাদের নিজস্ব ব্যাংক হিসাব নেই, তাদের জন্য যে কোন ব্যাংকে ১০ টাকার হিসাব খুলে তাদের স্ব স্ব ব্যাংক হিসাবে ঋণ বিতরণ ও সঞ্চয়ের টাকা স্থানান্তরের জন্য বলা হলো। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের 'কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি'র ৫.০১ নং অনুচ্ছেদে পরিষ্কার নির্দেশনা দেয়া আছে। তথাপি কোন ব্যাংক কর্মকর্তা উক্ত ১০ টাকার হিসাব খুলতে আপত্তি করলে উপজেলা/জেলা কৃষি ও পল্লী ঋণ কমিটির সভায় আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

০৪। আগামী ১ জুলাই ২০২৫ হতে বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচির সদস্যদের জন্য ঋণ বিতরণ এবং সঞ্চয় ফেরতের ক্ষেত্রে এ অফিস আদেশ কার্যকর হবে।



নাদিরা হায়দার
যুগ্মসচিব ও
পরিচালক (সরেজমিন)

নং: ৪৭.৬২.০০০০.৫০২.০৫.২২৪.২০. ১৪৬১

তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প/কর্মসূচি/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/কুড়িগ্রাম/রংপুর/গাইবান্ধা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক (ঋণ/সম্প্রসারণ/সেচ/মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক, বিআরডিবি জেলা (সকল)।
- ৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, (সকল উপজেলা)।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সভাপতি, ইউসিসিএ লি. (সকল)।


এস, এম, জুয়েল আহমেদ
উপপরিচালক (ঋণ)
০১৯১৩ ৫০০৮০১